লাতভিয়া

# আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার সময় আপনার যা জানা দরকার



BENGALI

**আপনি এখন আছেন লাতভিয়াতে, যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন, এবং সুইজারল্যান্ড।

## বিষয়বস্তু


আন্তর্জাতিক সুরক্ষা (অ্যাসাইলাম) কী? 3

অ্যাসাইলাম প্রসিডিউর কী? 4

- আপনার আবেদনের রেজিস্ট্রেশন এবং জমা দেওয়ার প্রক্রিয়া কখন এবং কোথায় হবে? 6
- রেজিস্ট্রেশন এবং জমা দেওয়ার সময় কী ঘটবে? 7
- যদি আপনি শিশু বা অন্য কোনো নির্ভরশীল বড় মানুষের সাথে এসে থাকেন, তাহলে কী করতে হবে? 10
- কোন দেশ আপনার আবেদন পরীক্ষা করবে? 11
- কীভাবে আপনার আবেদন পরীক্ষা করা হবে? 12
- আপনি কীভাবে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনের সিদ্ধান্ত পাবেন? 14

আপনার অধিকার কী? 15

আপনার বাধ্যবাধকতাগুলি কী? 19

আপনি যদি কখনও আপনার বাধ্যবাধকতা পূরণ না করেন তাহলে পরিণতি কী হবে? 23

কর্তৃপক্ষ কীভাবে বিশেষ চাহিদাগুলি বিবেচনা করবে? 25

মেডিকেল পরীক্ষা 25

আপনি যদি কখনও আপনার দেশে ফিরে যেতে চান তাহলে কী হবে? 26

## আন্তর্জাতিক সুরক্ষা কী?

যদি আপনি নিপীড়নের আশঙ্কায় অথবা গুরুতর ক্ষতির ঝুঁকির সম্মুখীন হওয়ার কারণে আপনার দেশে ফিরে যেতে না পারেন, তাহলে আপনার আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন হতে পারে। এর মানে হল, উদাহরণস্বরূপ, আপনার জীবন বা স্বাধীনতা বিপদে পড়বে এবং আপনার দেশের কর্তৃপক্ষ আপনাকে যে বিপদের মুখোমুখি হতে হবে তা থেকে আপনাকে রক্ষা করবে না।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করা আপনার অধিকার।

ইউরোপে, আন্তর্জাতিক সুরক্ষা বিভিন্ন রূপ নিতে পারে: **শরণার্থী স্ট্যাটাস** বা **সাবসিডিয়ারি সুরক্ষা**।

আন্তর্জাতিক সুরক্ষাকে অ্যাসাইলামও বলা হয়।



# অ্যাসাইলাম প্রসিডিউর কী?

অ্যাসাইলাম প্রসিডিউর চলাকালীন, কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন আছে কি-না এবং যদি তা হয়, আপনার জন্য কোন ধরনের সুরক্ষা প্রাসঙ্গিক তা মূল্যায়ন করবে।

এই পদ্ধতি চলাকালীন আপনি আপনার বাড়ি এবং নিজের জন্মভূমি ছেড়ে আসার সমস্ত কারণ বর্ণনা করার সুযোগ পাবেন। নিজের দেশ ছেড়ে আসার সমস্ত কারণ অফিসারদের সত্যনিষ্ঠ ভাবে জানান।

একবার আপনি আন্তর্জাতিক সুরক্ষা চাইলে, আপনাকে আন্তর্জাতিক সুরক্ষার জন্য একজন আবেদনকারী হিসাবে বিবেচনা করা হবে।



কর্তৃপক্ষকে দেয়া আপনার জানানো যাবতীয় তথ্য গোপন রাখা হবে। আপনি যাদের কাছ থেকে সুরক্ষা চাইছেন তাদের এই তথ্য কখনই জানানো হবে না।

অ্যাসাইলাম প্রসিডিউরে নিম্নলিখিত ধাপগুলি অন্তর্ভুক্ত রয়েছে।



## আপনার আবেদনের রেজিস্ট্রেশন এবং জমা দেওয়ার প্রক্রিয়া কখন এবং কোথায় হবে?

একবার আপনি কর্তৃপক্ষের কাছে আন্তর্জাতিক সুরক্ষা চাইলে, আপনার আবেদনটি একই দিনে এবং একই স্থানে নথিভুক্ত এবং দায়ের করা হবে। এটি স্টেট বর্ডার গার্ডেরমাধ্যমে রেজিস্টার এবং জমা দেওয়া হবে।




এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি আপনার আবেদন জমা দেওয়া সম্পূর্ণ করেন। যদি আপনি আবেদনপত্র পূরণ করতে ব্যর্থ হন, তাহলে আপনার আবেদন প্রত্যাহার করা হলো বলে বিবেচিত হবে, যদি না সেই ব্যর্থতার কারণ আপনার নিয়ন্ত্রণের বাইরে থাকে। এর মানে হ'ল যে আপনি একজন আবেদনকারী হিসাবে আপনার মর্যাদা হারাবেন, আপনার সহায়তা এবং পরিষেবা পাওয়ার অধিকার এবং এই দেশে থাকার অধিকার হারাবেন।

## রেজিস্ট্রেশন এবং জমা দেওয়ার সময় কী ঘটবে?

**রেজিস্ট্রেশন এবং জমা দেওয়ার মধ্যে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত রয়েছে।**



আপনার আঙ্গুলের ছাপ নেওয়া হবে।



আপনার ছবি তোলা হবে।




আপনাকে আপনার সমস্ত পরিচয়, ভ্রমণ এবং অন্যান্য প্রাসঙ্গিক নথি উপস্থাপন করতে বলা হবে।



আপনাকে আপনার ব্যক্তিগত বিবরণ প্রদান করতে বলা হবে। এই দেশে বা অন্য EU+ দেশে বসবাসকারী আপনার পরিবারের সদস্যদের সম্পর্কেও আপনাকে জিজ্ঞাসা করা হবে।




আপনাকে আপনার যোগাযোগের বিবরণ প্রদান করতে বলা হবে (ঠিকানা, একটি টেলিফোন নম্বর এবং একটি ইমেইল অ্যাড্রেস)।



আপনি এবং আপনার জিনিসপত্র তল্লাশি করা হতে পারে। আপনার ব্যক্তিগত জিনিসপত্র আপনার সম্পত্তি হিসেবে থেকে যায় এবং বিপজ্জনক বলে বিবেচিত যেকোন জিনিস ব্যতীত আপনাকে ফেরত দেওয়া হবে।



আপনাকে একটি মেডিকেল পরীক্ষা করাতে হতে পারে।



আপনাকে আপনার আবেদন সমর্থন করার জন্য উপলব্ধ সমস্ত তথ্য এবং নথি জমা দিতে বলা হবে। এই সম্পর্কিত তথ্য এবং নথি অন্তর্ভুক্ত:

- আপনার নিজ দেশ এবং আপনি বসবাস করেছেন এমন প্রতিটি দেশ
- আপনি যে কারণে নিজের দেশ ছেড়েছেন এবং কেন আপনি ফিরে যেতে চান না
- আপনার এবং আপনার পরিবারের পটভূমি
- ইউরোপে আপনার ভ্রমণের বিশদ বিবরণ
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য কোনো পূর্ববর্তী আবেদন।

এই পদক্ষেপগুলির ক্রম ভিন্ন হতে পারে তবে সমস্ত আবেদনকারীদের সাথে একইভাবে আচরণ করা হয়। সংগৃহীত তথ্য জাতীয় এবং ইউরোপিয়ান ডাটাবেসে নিরাপদে সংরক্ষণ করা হবে।

সত্য বলা এবং কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করা আপনার কর্তব্য এবং এটি সর্বোত্তম ভাবে আপনার স্বার্থ রক্ষা করবে।



আপনি আপনার আবেদনটি জমা করার পর, আপনি একটি সরকারি নথি পাবেন যা প্রমাণ করবে যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী।

আপনাকে এটি সবসময় সঙ্গে রাখতে হবে।

## আপনি যদি বাচ্চাদের সাথে বা কোনো প্রাপ্তবয়স্ক নির্ভরশীল ব্যক্তির সাথে এসে থাকেন তাহলে পদ্ধতিটি কী হবে?



যদি আপনি নিম্নলিখিত অবস্থায় এসে থাকেন:

- আপনার সন্তানদের বয়স 18 বছরের কম, অথবা
- 18 বছরের কম বয়সী শিশু যাদের জন্য আপনি আইনত দায়িত্বশীল

তাদের আন্তর্জাতিক সুরক্ষার জন্যও আবেদন করতে হবে। বাচ্চাদের আপনার সাথে কর্তৃপক্ষের কাছে যেতে হবে।

যদি আপনার সন্তানদের বয়স 18 বছর বা তার বেশি হয়, তাহলে তাদের নিজস্ব আবেদন জমা দিতে হবে।



যদি আপনি 18 বছর বা তার বেশি বয়সী এমন কোনো ব্যক্তির দায়িত্বে থাকেন এবং তার এমন কোনো অক্ষমতা থাকে যা তাকে সিদ্ধান্ত নিতে বাধা দেয়, তাহলে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করতে পারেন এবং তার পক্ষেও আবেদন করতে পারেন।

সেই ব্যক্তিকে তাদের আবেদন জমা দেওয়ার সময় আপনার সাথে উপস্থিত থাকতে হবে।



## কোন দেশ আপনার আবেদন পরীক্ষা করবে?




আপনি নিশ্চিত হতে পারেন যে একটি EU+ দেশ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন পরীক্ষা করবে। আপনি দেশ নির্বাচন করতে পারবেন না।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনের জন্য কোন EU+ দেশ দায়িত্বশীল তা সিদ্ধান্ত নিতে কর্তৃপক্ষ একটি পদ্ধতি অনুসরণ করবে। একে বলা হয় দায়িত্ব নির্ধারণ পদ্ধতি।

এই লক্ষ্যে, আপনাকে নিম্নলিখিত বিষয়গুলি কর্তৃপক্ষকে জানাতে হবে।

- অন্য EU+ দেশে আপনার পরিবারের সদস্য থাকলে।
- যদি কখনও অন্য EU+ দেশ আপনাকে অতীতে একটি ভিসা বা একটি আবাসিক নথি জারি ক'রে থাকে। (একটি ভিসা যা আপনাকে একটি দেশে যাওয়ার অনুমতি দেয়। এটি আপনার পাসপোর্টে একটি স্ট্যাম্প হতে পারে। একটি আবাসিক নথি হল একটি নথি যা আপনাকে দেশে থাকার অনুমতি দেয়।)
- আপনি যদি কখনও আগে অন্য EU+ দেশে প্রবেশ করে থাকেন।
- আপনি যদি কখনও ইতোমধ্যে অন্য EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন ক'রে থাকেন।
- যদি কখনও অন্য EU+ দেশ আপনাকে শিক্ষাগত ডিপ্লোমা বা যোগ্যতা দিয়ে থাকে।

যদি কখনও কর্তৃপক্ষ বিশ্বাস করে যে অন্য EU+ দেশ আপনার আবেদন পরীক্ষা করার জন্য দায়ী হতে পারে, আপনি এই পদ্ধতি এবং আপনার অধিকার এবং বাধ্যবাধকতা সম্পর্কে আরও বিস্তারিত তথ্য পাবেন।

আপনি একটি পৃথক ব্রোশিওরে আরও তথ্য পেতে পারেন।

## ❯ কীভাবে আপনার আবেদন পরীক্ষা করা হবে?

### গ্রহণযোগ্যতার পরীক্ষা

কিছু পরিস্থিতিতে, আপনার আবেদনের একটি প্রাক-পরীক্ষা হবে।

এই প্রাক-পরীক্ষাকে একটি গ্রহণযোগ্যতার পরীক্ষা বলা হয় এবং এটি 2 মাস পর্যন্ত সময় নেয়।

এর অর্থ হ'ল কর্তৃপক্ষ প্রথমে নিম্নলিখিত পাঁচটি প্রশ্ন পরীক্ষা করবে।

- আপনি কি ইতোমধ্যে অন্য EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছ?
- আপনি কি ইতোমধ্যেই একটি EU দেশ ছাড়া অন্য দেশে আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছেন, যেখানে আপনি নিরাপদ থাকবেন এবং যেখানে আপনি ফিরে যেতে পারবেন?
- আপনি কি এমন একটি দেশে পুনরায় যেতে পারেন যেখানে আপনি নিরাপদ এবং যেখানে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন পরীক্ষা করা যেতে পারে?
- আপনি কি ফেরত দেওয়ার সিদ্ধান্ত পাওয়ার 7 দিনের বেশি পরে আন্তর্জাতিক সুরক্ষা চেয়েছিলেন?
- একটি আন্তর্জাতিক ফৌজদারি আদালত বা ট্রাইব্যুনাল কি আপনাকে অন্য দেশে নিরাপদ স্থানান্তরের সিদ্ধান্ত প্রদান করেছে বা এটি করার প্রক্রিয়া একটি আন্তর্জাতিক ফৌজদারি আদালত বা ট্রাইব্যুনালে চলছে?



এই প্রশ্নগুলির জন্য আপনাকে একটি সাক্ষাৎকারের আমন্ত্রণ জানানো হতে পারে। একে বলা হয় গ্রহণযোগ্যতার সাক্ষাৎকার। এই সাক্ষাৎকারের সময়, আপনি কেন আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন এবং কেন আপনি আপনার দেশে ফিরে যেতে চান না সেই কারণ সম্পর্কেও আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে।

উপরের প্রশ্নগুলির ক্ষেত্রে আপনার পরিস্থিতির উপর নির্ভর করে:

- আপনার আবেদন প্রত্যাখ্যাত হতে পারে, অথবা
- পদ্ধতিটি অব্যাহত থাকবে এবং কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষা লাগবে কি-না তা পরীক্ষা করবে।

সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্স অফিসের কর্মকর্তারা গ্রহণযোগ্যতার পরীক্ষা আপনার জন্য প্রযোজ্য কি না আপনাকে জানাবে এবং আরও ব্যাখ্যা প্রদান করবে।

## কীভাবে আপনার আবেদন পরীক্ষা করা হবে?

### আপনার আবেদনের পরীক্ষা

কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষা লাগবে কি-না তা পরীক্ষা করবে।



আপনাকে একটি **ব্যক্তিগত সাক্ষাৎকারে** আমন্ত্রণ জানানো হবে।

আপনি আমন্ত্রণটি পাবেন ডাকযোগে, ইমেইলের মাধ্যমে,আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে।

সাক্ষাৎকারটি সামনাসামনি বা, ব্যতিক্রমী ক্ষেত্রে, দূর থেকে নেওয়া হবে।
সাক্ষাৎকারটি অডিও রেকর্ড করা হবে।

এই সাক্ষাৎকারটি হ'ল আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার কারণ এবং কেন আপনি নিজের দেশে ফিরে যেতে চান না তা বিস্তারিত ভাবে উপস্থাপন করার সুযোগ।
আপনাকে অবশ্যই ব্যক্তিগত ভাবে সাক্ষাৎকারে উপস্থিত থাকতে হবে এবং সময় মতো পৌঁছাতে হবে। আপনি যদি কখনও গুরুতর এবং ন্যায়সঙ্গত কারণ ছাড়া ব্যক্তিগত ভাবে সাক্ষাৎকারে উপস্থিত না হন, তাহলে আপনার আবেদন প্রত্যাহার করা হলো বলে বিবেচিত হবে এবং আপনার মামলা আর পরীক্ষা করা হবে না। আপনি যদি কখনও কোনো গুরুতর কারণ ছাড়াই সাক্ষাৎকার চলাকালীন প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করেন, তাহলে আপনার আবেদনও প্রত্যাহার করা হলো বলে বিবেচিত হবে।

প্রতিটি প্রাপ্তবয়স্ক আবেদনকারীর আলাদাভাবে সাক্ষাৎকার নেওয়া হবে।

আপনার সন্তানদের একটি সাক্ষাৎকার নেওয়ার সুযোগ দেওয়া হবে।

ব্যক্তিগত সাক্ষাৎকারের পরে, আপনার আবেদন মূল্যায়ন করা হবে। কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে আপনি আন্তর্জাতিক সুরক্ষা পাবেন কি-না।

ব্যতিক্রমী পরিস্থিতিতে, ব্যক্তিগত সাক্ষাৎকার নাও হতে পারে। এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হলে কর্তৃপক্ষ আপনাকে জানাবে।



**আপনার আবেদন পরীক্ষা করতে কত সময় লাগবে?**

এই প্রক্রিয়া জমা দেওয়ার দিন থেকে 6 মাস পর্যন্ত সময় লাগবে। কখনও কখনও, পরীক্ষা বেশি সময় নিতে পারে তবে এটি 21 মাসের বেশি সময় নেওয়া উচিত নয়।

## আপনি কীভাবে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনের সিদ্ধান্ত পাবেন?



একটি লিখিত সিদ্ধান্ত ডাকযোগে, ইলেকট্রনিকভাবে পাঠানো হবে অথবা সরাসরি আপনার কাছে বা আপনার আইনি উপদেষ্টার কাছে পাঠানো হবে, যদি আপনার একজন থাকে। আপনি যে ভাষা বোঝেন সেই ভাষায় সিদ্ধান্তের ফলাফল সম্পর্কে আপনাকে জানানো হবে।

সিদ্ধান্ত নেতিবাচক হলে, কারণগুলো সিদ্ধান্তে ব্যাখ্যা করা হবে এবং আপনাকে আপনার দেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত জারি করা হবে।

### আপিল করার সুযোগ



আপনি যদি কখনও সিদ্ধান্তের সাথে একমত না হন তবে আপনি আপিল করতে পারেন। এর মানে হল কোর্টে সিদ্ধান্তটি পর্যালোচনা করবে। আপিল করতে সাহায্য করার জন্য আপনি বিনামূল্যে একজন আইনি উপদেষ্টা চাইতে পারেন।

সিদ্ধান্তে প্রদত্ত নির্দিষ্ট সময়ের মধ্যে আপনাকে আপনার আপিল উপস্থাপন করতে হবে। আপনি যদি কখনও নেতিবাচক সিদ্ধান্ত পান তবে আপনি এই সম্পর্কে আরও বিস্তারিত তথ্য পাবেন।

যদি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন এবং আপিল প্রত্যাখ্যান করা হয় এবং অন্যান্য কারণে আপনার থাকার অধিকার না থাকে, তাহলে আপনাকে নির্দেশিত তারিখের মধ্যে লাতভিয়া ছেড়ে যেতে হবে। আপনি যদি স্বেচ্ছায় না যান, তাহলে আপনাকে ফিরে যেতে বাধ্য করা হতে পারে।

# আপনার অধিকার কী?

## আপনার থাকার এবং রিসেপশনের সময় সহায়তা এবং পরিষেবা পাওয়ার অধিকার রয়েছে



আন্তর্জাতিক সুরক্ষার জন্য একজন আবেদনকারী হিসাবে, নীতিগতভাবে আপনার সেই দেশে থাকার অধিকার রয়েছে যারা পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত আপনার পরীক্ষার জন্য দায়িত্বশীল।

রিসেপশনের সময় আপনি যে সহায়তা এবং পরিষেবা পাবেন সে সম্পর্কে তথ্য একটি পৃথক ব্রোশিওরে পেতে পারেন।



## আপনার ব্যাখ্যা পাওয়ার অধিকার আছে



আপনি যদি লাতভিয়া ভাষা না জানেন, তাহলে একজন দোভাষী আপনাকে রেজিস্ট্রেশন এবং আপনার আবেদন জমা দেওয়ার সময় একই সাথে আপনার ব্যক্তিগত সাক্ষাৎকারের সময় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে সাহায্য করবে। দোভাষীর জন্য কোনো টাকা দিতে হবে না।

দোভাষী নিরপেক্ষ, মানে তারা কারো পক্ষ নেন না। তারা গোপনীয়তাকে সম্মান করেন এবং আপনি যা বলবেন তা উপযুক্ত কর্তৃপক্ষের বাইরে কাউকে জানাবেন না।

আপনার আবেদনের সিদ্ধান্তের উপর দোভাষীর কোন প্রভাব নেই।

আপনি যদি কখনও দোভাষীকে বুঝতে না পারেন বা আপনি মনে করেন যে দোভাষী নিরপেক্ষ নয় তাহলে অবিলম্বে কর্তৃপক্ষকে জানান।

**ব্যক্তিগত সাক্ষাৎকারের জন্য আপনি একজন পুরুষ বা মহিলা দোভাষী এবং সাক্ষাৎকার গ্রহীতার জন্য আবেদন করতে পারেন, যদি তা আপনাকে সম্পূর্ণরূপে নিজেকে প্রকাশ করতে সাহায্য করে।**



আপনার জানানো কারণ এবং প্রাপ্যতার উপর নির্ভর ক'রে, আপনার অনুরোধ পূরণ করা হবে।

## আপনি একজন আইনী উপদেষ্টা (আইনজীবী) র সাথে পরামর্শ করতে পারেন



একজন আইনি উপদেষ্টা হলেন একজন ব্যক্তি যিনি কর্তৃপক্ষের সাথে কাজ করার ক্ষেত্রে আপনাকে ব্যক্তিগত আইনি সহায়তা বা প্রতিনিধিত্ব প্রদান করেন। একজন আইনি উপদেষ্টা কোনো কর্তৃপক্ষের অধীন নন এবং আপনার স্বার্থ রক্ষা করেন। একজন আইনি উপদেষ্টা আপনাকে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনে, অ্যাসাইলাম প্রসিডিউরে, অফিসিয়াল যোগাযোগের জন্য সাহায্য করতে পারেন এবং ব্যক্তিগত সাক্ষাৎকারের সময় তারা আপনার সাথে থাকতে পারেন।

অ্যাসাইলাম প্রসিডিউরের যেকোনো পর্যায়ে আইন উপদেষ্টার সাথে আপনার নিজের খরচে পরামর্শ করা আপনার অধিকার।

আবেদনের বিষয়টি পর্যালোচনার সময় অনুরোধ করলে আপনি বিনামূল্যে একজন আইনি উপদেষ্টা পেতে পারেন।।

আইনি উপদেষ্টার বিবরণ কর্তৃপক্ষকে জানান যাতে তারা আপনার আবেদন সম্পর্কে তাদের অবগত রাখতে পারেন।

## আপনার জানার অধিকার আছে এবং বিনামূল্যে আইনি কাউন্সেলিং অনুরোধ করার অধিকার আছে



অ্যাসাইলাম প্রসিডিউর চলাকালীন আপনি বিনামূল্যে আইনি পরামর্শ চাইতে পারেন। আপনার আবেদন জমা দেওয়ার ক্ষেত্রে আপনাকে সহায়তা করার জন্য এর মধ্যে রয়েছে আইনি পরামর্শ।

আইনী কাউন্সেলিং এর অর্থ হ'ল আপনি এর ব্যাখ্যা পেতে পারেন:

- আপনার অধিকার এবং বাধ্যবাধকতা
- বিভিন্ন পদ্ধতি
- আইনি সমস্যা।

## আপনি ইউনাইটেড নেশনস রিফিউজি এজেন্সি(জাতিসংঘ শরণার্থী সংস্থা) (UNHCR) বা অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন




অ্যাসাইলাম প্রসিডিউরের যেকোনো ধাপে আপনি UNHCR বা তাদের পার্টনার সংস্থার সাথে যোগাযোগ করতে এবং কথা বলতে পারেন।

UNHCR অ্যাসাইলাম প্রার্থী এবং শরণার্থীদের স্বার্থ এবং অধিকার রক্ষা করে। UNHCR বা তাদের সহযোগী সংস্থাগুলিও অ্যাসাইলাম প্রার্থীদের তথ্য ও সহায়তা প্রদান করে।

UNHCR যোগাযোগের বিশদ বিবরণ এবং অ্যাসাইলাম প্রসিডিউর সম্পর্কিত তথ্য UNHCR ওয়েবপেজ https://help.unhcr.org/।

এছাড়াও আপনি আবেদনকারীদের আইনি পরামর্শ বা অন্যান্য কাউন্সেলিং প্রদানকারী অন্য কোনো সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন।

# আপনার বাধ্যবাধকতাগুলি কী?

## এই দেশের আইন অনুসরণ করুন



## আপনি যে দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন সেই দেশেই থাকুন




অন্য EU+ দেশে যাওয়ার চেষ্টা করবেন না। আপনি শুধুমাত্র অন্য EU+ দেশে ভ্রমণের অনুমতি পাবেন যদি কখনও কর্তৃপক্ষ আপনাকে অনুমতি দেয়।

## নিশ্চিত করুন যাতে কর্তৃপক্ষ আপনার সাথে যোগাযোগ করতে পারে এবং আপনি আপনার সাক্ষাৎকারে নিয়মিত উপস্থিত থাকেন




কর্তৃপক্ষ যখনই আপনাকে অনুরোধ করবে তখনই আপনাকে অবশ্যই ব্যক্তিগতভাবে সমস্ত সাক্ষাৎকারে উপস্থিত থাকতে হবে। আপনি অবশ্যই সময়মত সেখানে উপস্থিত থাকবেন। যদি কোনো বিশেষ কারণে সাক্ষাৎকারে উপস্থিত থাকতে না পারেন, তাহলে অবিলম্বে কর্তৃপক্ষকে জানান এবং তার কারণ ব্যাখ্যা করুন



## কর্তৃপক্ষের সাথে সম্পূর্ণভাবে সহযোগিতা করুন

অনুরোধ করা হলে, আপনাকে অবশ্যই নিম্নলিখিতগুলি করতে হবে।

- আপনার ব্যক্তিগত বিবরণ প্রদান করুন।




- পরিচয় নথি প্রদান করুন। আপনার যদি কখনও সেগুলি না থাকে তবে কেন তা ব্যাখ্যা করুন।



- আপনার আঙ্গুলের ছাপ এবং ছবি তোলা হবে।



- একটি নির্দিষ্ট তারিখ এবং স্থানে আপনার আবেদন জমা দিন।
- ব্যক্তিগত সাক্ষাৎকারে যোগ দিন এবং সাক্ষাৎকারের সময় করা প্রশ্নের উত্তর দিন।



- যদি কর্তৃপক্ষ চায়, তাহলে আপনাকে আর আপনার জিনিসপত্র তল্লাশি করতে দিতে হবে। তল্লাশি কেবল তখনই করা হবে যেখানে প্রয়োজন এবং ন্যায়সঙ্গত হবে। কর্তৃপক্ষ তল্লাশির কারণ ব্যাখ্যা করবে। তল্লাশি আপনার মতো একই লিঙ্গের একজন ব্যক্তির দ্বারা পরিচালিত হবে এবং এমনভাবে করা হবে যা আপনার মর্যাদাকে সম্মান করে।

## সত্য বলুন



একজন দোভাষীর সাহায্যে একজন অ্যাসাইলাম কর্মকর্তার সাথে কথা বলছেন এমন একজন আবেদনকারীর একটি ছবি। এই কারণেই আপনাকে সৎ হতে হবে আর নিজের পরিচয়, পরিবার, জন্মভূমি, কেন আপনার দেশ ছেড়ে এসেছেন আর কেন সেখানে ফিরে যেতে চান না সেইসব তথ্য ঠিকঠাক দিতে হবে।

আপনি হয়তো সবকিছু মনে রাখতে পারেননি, তাই সব প্রশ্নের উত্তর দিতে পারবেন না এই ক্ষেত্রে, মিথ্যা উত্তর দেবেন না তবে ব্যাখ্যা করবেন যে আপনার মনে নেই।

## যোগাযোগের বিবরণ প্রদান করুন এবং যোগাযোগের মধ্যে থাকুন



আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার করা আবেদনের বিষয়ে কর্তৃপক্ষকে অবশ্যই আপনার সাথে যোগাযোগ করতে সক্ষম হতে হবে।

আপনার ঠিকানা, ইমেইল বা টেলিফোন নম্বর পরিবর্তন হলে, অবিলম্বে কর্তৃপক্ষকে জানান।

**মনে রাখবেন, আপনার আবেদন পর্যালোচনা চলাকালীন সময়ে লাতভিয়া ছেড়ে যাওয়া যাবে না।**

যদি আপনাকে একটি সেন্টারে থাকার ব্যবস্থা করা হয়, তবে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আপনার অন্য কোথাও যাওয়া উচিত নয়।

## স্টেট বর্ডার গার্ড অথবা সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্সের অফিসে – সমস্ত তথ্য এবং নথি জমা দিন যা আপনার আবেদনকে সমর্থন করে

আপনার যদি পরিচয় নথি থাকে, তাহলে আপনাকে অবশ্যই যত তাড়াতাড়ি সম্ভব সেগুলি উপস্থাপন করতে হবে।

আপনাকে অবশ্যই যাবতীয় তথ্য এবং নথি জমা দিতে হবে যা কর্তৃপক্ষকে আপনার আবেদনের পরীক্ষার জন্য দায়িত্বশীল দেশ নির্ধারণ করতে বা আপনার আবেদন পরীক্ষা করতে সাহায্য করতে পারে। এই নথিগুলি হতে পারে, উদাহরণস্বরূপ, একটি পাসপোর্ট, বিবাহের সনদপত্র, পারিবারিক বই, সামরিক আইডি কার্ড, কর্মসংস্থানের প্রমাণ, একটি রাজনৈতিক দলের সদস্যপদ কার্ড, সনদপত্র, আদালত এবং পুলিশ রিপোর্ট, ছবি এবং চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত নথি।

এমন নথি জমা দেওয়ার দরকার নেই যাতে শুধুমাত্র আপনার দেশের সম্পর্কে সাধারণ তথ্য থাকে। অ্যাসাইলাম কর্তৃপক্ষ আপনার দেশের পরিস্থিতি সম্পর্কে অবগত।




আপনার আবেদন জমা দেওয়ার সময় আপনার যত তাড়াতাড়ি সম্ভব সমস্ত তথ্য এবং নথি জমা দেওয়া ভালো হবে। যদি কখনও আপনার কাছে নথিগুলি অবিলম্বে উপলব্ধ না থাকে তবে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত যখনই তা হাতে পাবেন, তখনই ডাকযোগে বা ইমেইলের মাধ্যমে সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্স অফিসের কাছে জমা দিতে হবে।।

যেখানে সম্ভব মূল নথি উপস্থাপন করা বাধ্যতামূলক। আপনি অবশ্যই কোনো পরিচয় নথি ধ্বংস বা নষ্ট করবেন না। আপনি কোন প্রাসঙ্গিক নথি গোপন করবেন না আপনি কখনই জাল বা নকল নথি জমা দেবেন না।

যদি সম্ভব হয়, এবং যতদূর সম্ভব ঝুঁকি তৈরি না করে, আপনার বন্ধুবান্ধব বা আত্মীয়স্বজনদের আপনার নথিপত্র আপনার কাছে পাঠাতে বলুন

# আপনি যদি কখনও আপনার বাধ্যবাধকতা পূরণ না করেন তাহলে পরিণতি কী হবে?

## আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ করা হবে






আপনার আবেদন **ফিরিয়ে নেওয়া হয়েছে বা প্রত্যাখ্যান করা হয়েছে** হিসেবে গণ্য হবে। এর মানে হল যে আপনি আন্তর্জাতিক সুরক্ষা এবং সমস্ত সম্পর্কিত অধিকারের জন্য আবেদনকারী হিসাবে আপনার মর্যাদা হারাতে পারেন।

আপনি অস্বীকার করলে এটি ঘটবে:

- যখন অনুরোধ করা হয় তখন তথ্য প্রদান করুন
- আপনার আঙ্গুলের ছাপ বা ছবি তুলতে দিন
- আপনার ঠিকানা প্রদান করুন
- আপনার ব্যক্তিগত সাক্ষাৎকারের সময় প্রশ্নের উত্তর দিন।

এটিও ঘটবে যদি কখনও আপনি:

- গুরুত্বপূর্ণ কারণ ছাড়া নির্ধারিত সময়ের মধ্যে আপনার আবেদন জমা না দেন
- গুরুত্বপূর্ণ কারণ ছাড়া ব্যক্তিগত সাক্ষাৎকারে না গেলে
- যখন কর্তৃপক্ষ আপনাকে ডাকে, তখন যাওয়ার জন্য রাজি না হন
- যেখানে থাকা বাধ্যতামূলক সেখানে না থাকলে
- কর্তৃপক্ষ যোগাযোগ করতে না পারলে
- দেশ ছেড়ে গেলে

আপনি অ্যাসাইলাম প্রসিডিউর চলাকালীন যেকোনো সময় আপনার আবেদন প্রত্যাহার করার সিদ্ধান্ত নিতে পারেন, উদাহরণস্বরূপ, কারণ হলো আপনি আপনার দেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এই ক্ষেত্রে, আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী হিসাবে আপনার মর্যাদা হারাবেন।

## কিছু ধরনের রিসেপশনের সহায়তা এবং পরিষেবা হ্রাস বা বাতিল করা হতে পারে



কিছু পরিস্থিতিতে, কর্তৃপক্ষ কিছু ধরনের সহায়তা বা কিছু পরিষেবা হ্রাস বা বাতিল করার সিদ্ধান্ত নিতে পারে। কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করার পরে আপনাকে লিখিতভাবে এই ধরনের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করবে।

আপনি একটি পৃথক ব্রোশিওরে আরও তথ্য পেতে পারেন।

## আপনার আবেদন নেতিবাচকভাবে প্রভাবিত হতে পারে

আপনি যদি কখনও আপনার পরিচয় বা আপনার আবেদনের সাথে সম্পর্কিত বিভ্রান্তিকর বা মিথ্যা তথ্য প্রদান করেন, অথবা আপনি যদি কখনও নথি ধ্বংস বা জাল করেন, তাহলে এটি আপনার আবেদনের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে, যেমন এগুলি।



- আপনার আবেদন প্রত্যাখ্যাত হতে পারে এবং আপনি আন্তর্জাতিক সুরক্ষা নাও পেতে পারেন।
- আপনার আবেদন অ্যাসাইলাম বর্ডার প্রসিডিউরে পরীক্ষা করা হতে পারে (যদি এটি ঘটে, আপনি পদ্ধতি সম্পর্কে নির্দিষ্ট তথ্য পাবেন)।
- আপনার আবেদন ত্বরান্বিত করা হতে পারে। এই ক্ষেত্রে, আপনার আবেদন পরীক্ষা করার সময় কমিয়ে তিন মাস করা হবে। ত্বরিত পদ্ধতি অন্যান্য নির্দিষ্ট কারণেও প্রয়োগ করা যেতে পারে। কর্তৃপক্ষ আপনাকে জানাবে এবং আরও ব্যাখ্যা প্রদান করবে যদি আপনার ক্ষেত্রে ত্বরান্বিত প্রক্রিয়া প্রযোজ্য হয়।

যদি কখনও কর্তৃপক্ষ পরে জানতে পারে যে আপনি অ্যাসাইলাম প্রসিডিউর চলাকালীন সত্য বলেননি তাহলে আপনার কাছ থেকে আন্তর্জাতিক সুরক্ষাও কেড়ে নেওয়া হতে পারে।

## কর্তৃপক্ষ কীভাবে বিশেষ চাহিদাগুলি বিবেচনা করবে?




আপনার কোনো বিশেষ সহায়তার লাগলে যত তাড়াতাড়ি সম্ভব কর্তৃপক্ষকে জানাতে হবে। গর্ভাবস্থা, অসুস্থতা বা মনস্তাত্ত্বিক, শারীরিক বা যৌন হিংস্রতার অভিজ্ঞতার মতো বিভিন্ন পরিস্থিতিতে এই চাহিদাগুলি দেখা দিতে পারে।

কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং অ্যাসাইলাম প্রসিডিউরে আপনার অংশগ্রহণের সুবিধার্থে অতিরিক্ত সহায়তা প্রদান করতে পারে। উদাহরণস্বরূপ, তারা আপনার ক্ষেত্রে বিশেষ কর্মী নিয়োগ করতে পারে বা অ্যাসাইলাম প্রসিডিউরের দৈর্ঘ্য পরিবর্তন করতে পারে।

## মেডিকেল পরীক্ষা



কর্তৃপক্ষ আপনাকে অতীতের নির্যাতন বা গুরুতর আঘাতের সম্পর্কে একটি মেডিকেল পরীক্ষা করাতে বলতে পারে। পরীক্ষাটি বিনামূল্যে হবে এবং আপনাকে এতে আপনার সম্মতি দিতে বলা হবে। পরীক্ষার ফলাফল সম্পর্কে আপনাকে অবহিত করা হবে, যা আপনার আবেদনের মূল্যায়নে বিবেচনা করা হবে। যদি কখনও কর্তৃপক্ষ দ্বারা কোন পরীক্ষার অনুরোধ না করা হয়, তাহলে আপনি নিজের খরচে পরীক্ষার জন্য অনুরোধ করতে পারেন।

## আপনি যদি কখনও আপনার দেশে ফিরে যেতে চান তাহলে কী হবে?

অ্যাসাইলাম প্রসিডিউর চলাকালীন যে কোনো সময়ে, আপনি স্বেচ্ছায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন:

- আপনার দেশ বা
- ট্রানজিট দেশ বা অন্য তৃতীয় দেশে, যদি আপনার তা করার অধিকার থাকে।

আপনি যদি স্বেচ্ছায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যাবে এবং আপনার আর লাতভিয়াতেথাকার অধিকার থাকবে না।

আপনি যদি স্বেচ্ছায় ফিরতে চান, স্টেট বর্ডার গার্ড অথবা সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্স অফিসে সাথে যোগাযোগ করুন। স্টেট বর্ডার গার্ডের ইমেইল: pasts@rs.gov.lv। সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্স অফিসের ইমেইল: pasts@pmlp.gov.lv। – এ। আপনি আপনার নিরাপদ এবং আইনি প্রত্যাবর্তনের জন্য পরামর্শের পাশাপাশি সহায়তা পেতে পারেন।



## তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ

একজন কর্মকর্তা আপনাকে নিশ্চিত করতে বলবে যে আপনি এই তথ্য পেয়েছেন। আপনি যদি কখনও কিছু বুঝতে না পারেন বা আপনার যদি কখনও অতিরিক্ত প্রশ্ন থাকে, আপনি সবসময় জিজ্ঞাসা করতে পারেন।

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025

Publications Office of the European Union

ISBN 000-00-00-00000-0
doi:00.0000/0000000
AA-00-00-000-BN-C